

E-Paper

আনন্দবাজার.com

Log in

Anandabazar / West Bengal / Today's news headlines 02 March 2025 dgtl

যাদবপুরের ঘটনা প্রবাহ কোন দিকে গড়াবে। ট্রাম্প-জেলেনস্কি তর্কাতর্কি: কোন পথে ইউক্রেন। আর কী

শিক্ষামন্ত্রীর গাড়ির পাশাপাশি তাঁর পাইলট করেও ভাঙচুর
চালানোর অভিযোগ ওঠে। আহত হন ব্রাত্য। তাঁকে এসএসকেএম
হাসপাতালে নিয়ে যাওয়া হয়।



গ্রাফিক: আনন্দবাজার অনলাইন।

আনন্দবাজার অনলাইন ডেস্ক

শেষ আপডেট: ০২ মার্চ ২০২৫

Share 

Save

০৬:২৫

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ ▾


দেশ

বিদেশ

সম্পাদকের পাতা ▾

আরও

Advertisement



শনিবার ওয়েবকুপার বার্ষিক সম্মেলনে যোগ দিতে গিয়ে বামপন্থী ছাত্র সংগঠনের বিক্ষোভের মুখে পড়েন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তাঁকে ঘিরে 'গোব্যাক' স্লোগানও দেন এসএফআই, আইসা, ডিএসএফের সদস্যেরা। সম্মেলনে বিক্ষোভকারীদের কটাক্ষ করেন ব্রাত্য। সেই সম্মেলন শেষ হওয়ার পরে ওএটি থেকে বার হতেই ব্রাত্যকে লক্ষ্য করে স্লোগান দিতে শুরু করেন বামপন্থী, অতি বামপন্থী সংগঠনের সদস্যেরা। তাঁর গাড়ির টায়ার পাংচার করে দেওয়ার অভিযোগ ওঠে। শিক্ষামন্ত্রীর গাড়ির পাশাপাশি তাঁর পাইলট কারেও ভাঙচুর চালানোর অভিযোগ ওঠে। আহত হন ব্রাত্য। তাঁকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পরে ছেড়ে দেওয়া হয় মন্ত্রীকে। অন্য

দিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রভোটের দাবিতে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্যের কাছে স্মারকলিপি জমা দিতে গিয়ে ‘আক্রান্ত’ হন তাদের সদস্যেরা, এমন অভিযোগ তোলে বামপন্থীদের ছাত্র সংগঠন এসএফআই। প্রতিবাদে শনিবার সন্ধ্যায় ৮বি মোড়ে অবরোধে বসেন ওই সংগঠনের সদস্যেরা। আগামী সোমবার রাজ্যের সব কলেজ, বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের ডাকও দেন তাঁরা। পাল্টা যাদবপুরের সুকান্ত সেতু থেকে শনিবার সন্ধ্যায় প্রতিবাদ মিছিল করে তৃণমূল। মিছিলে ছিলেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস, যাদবপুরের সাংসদ সায়নী ঘোষ, তৃণমূলের কাউন্সিলর অরুণ চক্রবর্তী-সহ দলের নেতা-কর্মীরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শনিবার সন্ধ্যায় যাদবপুরের রাস্তায় নামানো হয় র‍্যাফ। দু’পক্ষ সুকান্ত সেতুর কাছে মুখোমুখি হলে সংঘাতের পরিস্থিতিও তৈরি হয়। আজ এই সংক্রান্ত খবরে নজর থাকবে।

আজকের আবহাওয়া

শুক্রবার, ০৪
জুলাই

কলকাতা,
পশ্চিমবঙ্গ



সর্বাধিক তাপমাত্রা

৩১° সেলসিয়াস

আজকের আবহাওয়া

ট্রাম্প-জেলেনস্কি তর্কাতর্কি: এর পর কোন পথে যাবে
ইউক্রেনকে ঘিরে পরিস্থিতি

ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বাগ্যুদ্বের পরের দিনই ভলোদিমির জ়েলেনস্কি জানালেন, আমেরিকার প্রেসিডেন্টের সমর্থন গুরুত্বপূর্ণ। আপাত ভাবে অনেকেই বিষয়টি ইউক্রেনের প্রেসিডেন্টের সুর নরমের চেষ্টা বলে মনে করছেন। তবে যুদ্ধবিরতি নিয়ে নিজের অবস্থানে অনড় থাকারই ইঙ্গিত দিয়েছেন জ়েলেনস্কি। জানিয়েছেন, নিরাপত্তার নিশ্চয়তা ছাড়া যুদ্ধবিরতিতে রাজি হওয়া ইউক্রেনের জন্য বিপজ্জনক। এই পরিস্থিতিতে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতি কোন দিকে মোড় নেবে, ট্রাম্পের প্রস্তাব মেনে জ়েলেনস্কি যুদ্ধবিরতিতে সায় দিয়ে দেবেন কি না, এই সব দিকে আজ নজর থাকবে।



গ্রাফিক: আনন্দবাজার অনলাইন।

মেয়েকে নিয়ে আত্মঘাতী বাবা: পর্ণশ্রীকাণ্ডের তদন্ত

অটিজমে আক্রান্ত ২২ বছরের কন্যাকে নিয়ে আত্মঘাতী হন বাবা। শুক্রবার রাতে বেহালার পর্ণশ্রীর একটি বাড়ি থেকে তাঁদের দু'জনের বুলস্তু দেহ উদ্ধার করে পুলিশ। কন্যার শারীরিক পরিস্থিতি নিয়ে বাবা অবসাদে ভুগছিলেন। চিকিৎসার খরচ জোগাতেও হিমশিম খাচ্ছিলেন। সে কারণেই

কি আত্মহত্যা? পর্গশ্রীকাণ্ডের তদন্ত আজ কোন পথে এগোয়, নজর থাকবে সে দিকে।

ভোটের কার্ডে 'ভূত' বিতর্ক, তৃণমূল কি নামবে অভিযানে

'ভূয়ো ভোটের' খুঁজে বার করার কর্মসূচি নিয়েছে তৃণমূল। শনিবার কলকাতায় এই কর্মসূচিতে নিজের ওয়ার্ডে এলাকার ভোটের তালিকা নিয়ে বেরিয়েছিলেন মেয়র ফিরহাদ হাকিম। আজ ছুটির দিনে রাজ্যের সব জায়গায় তৃণমূলের সর্ব স্তরের নেতা-কর্মীদের এই কর্মসূচিতে অংশ নিতে নির্দেশ দেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে দলের সভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিজেপির বিরুদ্ধে 'ভূয়ো ভোটের' ঢুকিয়ে ভোট জেতার ষড়যন্ত্র করার অভিযোগ তোলেন। এর পর শুক্রবারই জেলা স্তরে বৈঠক করেন তৃণমূলের নেতারা। আজ এই কর্মসূচির খবরে নজর থাকবে।

দার্জিলিঙে হালকা বৃষ্টির সঙ্গে কি তুষারপাত হবে

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, রাজ্যের উত্তর থেকে দক্ষিণে আগামী পাঁচ দিন তাপমাত্রার কোনও হেরফের হবে না। দার্জিলিঙে হালকা বৃষ্টির সঙ্গে হতে পারে তুষারপাত। দক্ষিণবঙ্গ আপাতত শুষ্কই থাকবে।